# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২৪

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৭০. যে ব্যক্তি কোনো একটি নেককাজ করতে মনস্থ করে

باب مَنْ هَمَّ بِحَسَنَةٍ

আরবী

حَدَّثَنَا عَفَّانُ حَدَّثَنَا جَعْفَرُ بْنُ سُلَيْمَانَ حَدَّثَنَا الْجَعْدُ أَبُو عُثْمَانَ قَالَ سَمِعْتُ أَبَا رَجَاءٍ الْعُطَارِدِيَّ قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا يَرْوِيهِ عَنْ رَبِّهِ عَزَّ وَجَلَّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَإِنَّ رَبَّكُمْ رَحِيمٌ مَنْ هَمَّ بِحَسَنَةٍ فَلَمْ يَعْمَلْهَا كُتِبَتْ لَهُ حَسَنَةً فَإِنْ عَمِلَهَا كُتِبَتْ عَشْرًا إِلَى سَبْعِ مِائَةٍ إِلَى أَضْعَافٍ كَثِيرَةٍ وَمَنْ هَمَّ بِسَيِّئَةٍ فَلَمْ يَعْمَلْهَا كُتِبَتْ لَهُ حَسَنَةً فَإِنْ عَمِلَهَا كُتِبَتْ وَاحِدَةً أَوْ يَمْحُوهَا وَلَا يَهْلِكُ عَلَى اللَّهِ إِلَّا هَالِكٌ

বাংলা

২৮২৪. ইবনু 'আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর প্রতিপালক আযযা ওয়া জাল্লা হতে বর্ণনা করে বলেন যে, আল্লাহ্ দয়াবান। যে ব্যক্তি কোন সৎ কাজের ইচ্ছা করল, কিন্তু তা করল না, তার জন্য একটি পূর্ণ সাওয়াব লিখা হয়। আর যদি সে সেটি করে, তবে তার জন্য দশ গুণ থেকে সাতশ' গুণ পর্যন্ত এমন কি এর চেয়েও অধিক সাওয়াব লিখে দেওয়া হয়। আর যে কোন মন্দ কাজের ইচ্ছা করে, কিন্তু তা সম্পাদন করে না, তার জন্য একটি পূর্ণ সাওয়াব লিখবেন। আর যদি সে মন্দ কাজের ইচ্ছা করে, এবং মন্দ কাজটি করেও ফেলে, তবে তার জন্য মাত্র একটা গুনাহ লিখা হয়, কিংবা তিনি সেটি ক্ষমা করে দেন। আর ধ্বংসপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত আল্লাহর কারণে কেউ ধ্বংসপ্রাপ্ত হয় না।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ১/৩৬০-৩৬১, ২৭৯; তাবারাণী, কাবীর ১২/১৬১ নং ১২৬৭০; খতীব, তারীখ বাগদাদ ৯/৪১৫;

আবু নুয়াইম, হিলইয়া ৬/২৯২; বুখারী, রিকাক্ব ৬৪৯১; মুসলিম, ঈমান ১৩১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83109

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন